

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।

নং - ০৩.৭০২.০২৮.০০.০০.২৬৮.২০১২- ৭৫৫

তারিখ : ০৪ আষাঢ় ১৪২৬ বঃ
২৮ জুন ২০১৯ খ্রিঃ

প্রেরকঃ মোঃ মাহবুব হোসেন (যুগ্ম- সচিব)
প্রকল্প পরিচালক।

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
প্রধানমন্ত্রীর কার্যালয়
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ ২০১৮-১৯ অর্থ-বছরে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অনুমোদিত “আশ্রয়ণ-২ প্রকল্প (দারিদ্র বিমোচন ও পুনর্বাসন)” শীর্ষক প্রকল্প
গ্রান্ট নং ০২ কোড নং ১০৩০১০২-২২৪০০০৬০০-৩২৩১৩০১ হতে আশ্রয়ণ প্রকল্পে পুনর্বাসিতদের প্রশিক্ষণ প্রদানকল্পে সংশ্লিষ্ট
উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে অর্থ বরাদ্দ প্রসংগে।

মহোদয়

প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ-২ প্রকল্পে পুনর্বাসিতদের ৭(সাত) দিনের পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদানকল্পে আমি নিম্নলিখিত
উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে বর্ণিতভাবে ৮৬,৯৭,০০০.০০.০০ (ছিয়ানব্বই লক্ষ সাতানব্বই হাজার) টাকা বরাদ্দ
করছি। উক্ত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক অগ্রিম উত্তোলনের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
বরাবরে অর্থরীতি প্রেরণের অনুরোধ করছি :

ক্রঃ নং	জেলার নাম	উপজেলার নাম	প্রকল্পের নাম	নির্মিত ব্যারাক সংখ্যা	পুনর্বাসিত পরিবার সংখ্যা	টাকার পরিমাণ
১	নোয়াখালী	হাতিয়া	মান্নাননগর সংলগ্ন ধানসিড়ি	১৫৯	৭৯৫	৬২০১০০০
২	রংপুর	গঙ্গাচড়া	মটুকপুর এস কে এস	২২	১১০	৮৫৮০০০.০০
৩	রংপুর	গঙ্গাচড়া	শখেরহাট	২২	১১০	৮৫৮০০০.০০
৪	কুড়িগ্রাম	চিলমারী	দক্ষিণ ফেইচকা পত্রখাতা	২০	১০০	৭৮০০০০.০০
			মোট	২২৩	১১১৫	৮৬,৯৭,০০০.০০

০২। এ ব্যয় ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের গ্রান্ট নং ০২ কোড নং ১০৩০১০২-২২৪০০০৬০০-৩২৩১৩০১
“আশ্রয়ণ-২(দারিদ্র বিমোচন ও পুনর্বাসন)” শীর্ষক প্রকল্প খাত হতে সংকুলান করা হবে।

০৩। চলতি অর্থ বছরের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিতে ছাড়কৃত অর্থ হতে এ অর্থ ব্যয় হবে। এতে অর্থ মন্ত্রণালয়, অর্থবিভাগের সম্মতি
রয়েছে।

০৪। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এ অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তা হিসেবে কাজ করবেন।

০৫। অগ্রিম উত্তোলনকৃত অর্থ ব্যয়ের পর খরচের বিল/ভাউচারের এক কপি সমন্বয়ের জন্য সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ
কর্মকর্তার কার্যালয়ে জুন/২০১৯এর মধ্যে দাখিল করতে হবে এবং অপর একটি কপি নিরীক্ষা দলের নিরীক্ষার জন্যে উপজেলা নির্বাহী
অফিসারের কার্যালয়ে সংরক্ষণ করতে হবে। অর্থ ব্যয়ের হিসাব এবং কর্ম সম্পাদন সম্পর্কে একটি প্রতিবেদন আগামী ৩০ জুন/২০১৯
এর মধ্যে প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০৬। উপজেলা নির্বাহী অফিসার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক এর মাধ্যমে এ প্রশিক্ষণ
কার্যক্রম আশ্রয়ণ প্রকল্পের প্রশিক্ষণ নীতিমালা অনুযায়ী সম্পাদন করবেন। সংশ্লিষ্ট ট্রেডে দক্ষতা বৃদ্ধির জন্য উপকারভোগীদের ৭ দিনের
প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রতি পরিবার হতে ২ জন উপকারভোগী প্রশিক্ষণ নেবেন। কোনভাবেই ট্রেড বহির্ভূত অন্য কোন বিষয়
প্রশিক্ষণ কর্মসূচিতে অন্তর্ভুক্ত করা যাবেনা। প্রশিক্ষণার্থীদের প্রতিদিন ভাতা ২০০/ টাকা, প্রশিক্ষকের ভাতা প্রতি প্রশিক্ষণ ক্লাসের জন্য

৫০০/- টাকা, প্রত্যেকের দপুয়ের খাবার বাবদ ১৫০/- টাকা, সকাল ও বিকেলে প্রত্যেকের চা বাবদ মোট ৪০/- টাকা, প্রত্যেকের কলম ও খাতা বাবদ ৩০/- টাকা প্রদান করতে হবে।

০৭। প্রশিক্ষণ সিডিউল প্রশিক্ষণ শুরুর কমপক্ষে ১ (এক) সপ্তাহ পূর্বে আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে পত্র/ফ্যাক্স/ই-মেইল এর মাধ্যমে প্রেরণ করতে হবে। ফ্যাক্স নম্বর-৯১২৯৮১০, ই-মেইল : ashrayanpmo@gmail.com

০৮। প্রত্যেক প্রশিক্ষণার্থী ৭ দিনের প্রশিক্ষণ পাবেন। কোন কারণে এ প্রশিক্ষণ কম হলে বা কোন অর্থ অব্যয়িত থাকলে উক্ত অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে ১০৩০১০২-১৪৪১২০২ নং কোডে ফেরৎ দেওয়ার পূর্বে আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে পত্র/ফ্যাক্স/টেলিফোন এর মাধ্যমে জানাতে হবে।

০৯। উক্ত টাকা উত্তোলনের পর জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট কোডে হিসাবভুক্ত করতে হবে।

১০। বিধি বিধান পালন করে জরুরী ভিত্তিতে পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করতে হবে।

- স্বাক্ষর -
(মোঃ মাহবুব হোসেন)
প্রকল্প পরিচালক
৯১২৪১০০

নং - ০৩.৭০২.০২৮.০০.০০.২৬৮.২০১২-

তারিখ : আষাঢ় ১৪২৬ বঃ
জুন ২০১৯ খ্রিঃ

অনুলিপিঃ কার্যার্থে

- ০১। উপজেলা নির্বাহী অফিসার,
- ০২। জেলা/উপজেলা হিসাবরক্ষণ অফিসার,
- ০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ সহঃ পরিচালক,

- স্বাক্ষর -
(মোঃ মাহবুব হোসেন)
প্রকল্প পরিচালক

নং - ০৩.৭০২.০২৮.০০.০০.২৬৮.২০১২-

তারিখ : আষাঢ় ১৪২৬ বঃ
জুন ২০১৯ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

- ০১। অতিরিক্ত সচিব (বাজেট অনুবিভাগ-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ০২। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল বা/এ, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, জেলা।
- ০৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা।
- ০৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ০৬। অফিস নথি।

- স্বাক্ষর -
(মোঃ মাহবুব হোসেন)
প্রকল্প পরিচালক